




পাবনা
পল্লী
বিদ্যুৎ
সমিতি-২

ISO 9001:2015 CERTIFIED



পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিসঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd



স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২৪. ৬৭৬

তারিখঃ

১১ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ।


২৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ।

“অফিস সেক্রেটারী পদে নিয়োগের লক্ষ্যে আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ অফিস সেক্রেটারীর শূন্য পদ পূরণের নিমিত্ত পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত নিয়মিত কম্পিউটার অপারেটর যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে আবেদনপত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, চাকুরীতে প্রথম ও বর্তমান পদে যোগদানের তারিখ, চাকুরীতে প্রথম ও বর্তমান পদে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী ২৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় স্ব-শরীরে সদর দপ্তর, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**
 - (ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি।
 - (খ) বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
 - (গ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
 - (ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি।
 - (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
 - (চ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদের সত্যায়িত ফটোকপি।
 - (ছ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
 - (জ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
 - (ঝ) সকল কাগজপত্র এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেয়া হবে। “চলতি দায়িত্বে” থাকাকালীন কর্মমূল্যায়ন সমন্বয়জনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে।
- ০৪। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি প্রাপ্য হবেন।
- ০৫। অত্র সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। অত্র সমিতি বোর্ডের বোর্ড পরিচালক/মহিলা পরিচালক কিংবা সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর বা উভয়ের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।
- ০৭। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


১১-০২-২০২৪
(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৪। ডিজিএম, বেড়া/কারিগরি/সুজানগর/আতাইকুলা জোনাল অফিস, পাবনা পবিস-২।
- ০৫। এজিএম (ওএন্ডএম), সাঁথিয়া /বাঁধেরহাট/শ্রীপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
- ০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/আইটি/এইচআর), পাবনা পবিস-২।
- ০৭। নোটিশবোর্ড/ওয়েব সাইট, পাবনা পবিস-২। [এজিএম (আইটি) ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।]
- ০৮। অফিস কপি/মাস্টার কপি।


১১-০২-২০২৪
(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার।